



স্মারক নং- ৩৪.০১.৩৮০০.০০১.০৯.১৮৮.১৯-৬৬

তারিখ: ০২/১০/২০২৩খ্রি:

ভর্তি বিজ্ঞপ্তি

যুব উন্নয়ন অধিদপ্তরধীন “যানবাহন চালনা বিষয়ক প্রশিক্ষণ” প্রকল্পের আওতায় দেশে পরিবহন খাতে দুর্ঘটনা রোধে দক্ষ গাড়ী চালক তৈরীর মাধ্যমে কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান সুযোগ সৃষ্টি এবং দারিদ্র বিমোচনের পাশাপাশি টেকশই জীবিকা নিশ্চিতকরণের লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তর, জয়পুরহাট জেলা কার্যালয়ের আওতায় ২১-৩৫ বছর সময়সের বেকার যুবক ও যুব নারীর নিকট থেকে “যানবাহন চালনা বিষয়ক প্রশিক্ষণ” (মটর ড্রাইভিং) কোর্সে ভর্তি ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে নির্ধারিত ফরম/সাদা কাগজে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে ভর্তির জন্য অত্র জেলার আগ্রহী বেকার যুবক/যুব নারীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাবলী

ক্র: নং	প্রশিক্ষণ কোর্সের নাম	শিক্ষাগত যোগ্যতা	আসন সংখ্যা	কোর্সের মেয়াদ	দরখাস্ত গ্রহণের শেষ তারিখ	সাক্ষাৎকারের তারিখ	প্রশিক্ষণ শুরুর তারিখ
০১	“যানবাহন চালনা বিষয়ক প্রশিক্ষণ” (মটর ড্রাইভিং)	নূন্যতম ৮ম শ্রেণী	৪০ (চল্লিশ) জন	০১ (এক) মাস	২৫/১০/২০২৩	৩০/১০/২০২৩	০১/১১/২০২৩

ভর্তির শর্তাবলী:

- উপপরিচালক, জয়পুরহাট বরাবর নির্ধারিত ফরম/সাদা কাগজে আবেদন করতে হবে।
- আবেদনপত্রে: (ক) নাম(বাংলা ও ইংরেজী) (খ) পিতার নাম(বাংলা ও ইংরেজী) (গ) মাতার নাম (বাংলা ও ইংরেজী) (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে বয়স (জ) জাতীয় পরিচয়পত্র/ জন্ম সনদ নম্বর (ঝ) শিক্ষাগত যোগ্যতা (ঞ) মোবাইল নম্বর (ট) জাতীয়তা (ঠ) ধর্ম ইত্যাদি উল্লেখ করতে হবে।
- আবেদন পত্রের সাথে (ক) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ফটোকপি (সত্যায়িত) (খ) স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র (গ) জন্ম নিবন্ধন সনদপত্র অথবা ভোটার আইডি কার্ডের ফটোকপি (সত্যায়িত) (ঘ) সদ্যতোলা ০২ কপি পাসপোর্ট (সত্যায়িত) সাইজের ছবি জমা দিতে হবে।
- বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে প্রার্থীর বয়স ২১-৩৫ বৎসরের মধ্যে হতে হবে।
- ভর্তিকৃত প্রশিক্ষার্থীগণকে অবশ্যই অত্র কার্যালয় ও প্রশিক্ষণ কেন্দ্রের নিয়ম-কানুন মেনে চলতে হবে এবং নিয়মিত ক্লাসে হাজির থাকতে হবে। প্রশিক্ষণ চলাকালিন ৩ (তিন) দিনের বেশি অনুপস্থিত থাকলে ড্রপআউট বলে গণ্য হবে।
- আবেদনপত্র প্রাথমিক যাচাই বাছাই পূর্বক লিখিত/মৌখিক পরীক্ষার মাধ্যমে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা হবে।
- ভর্তির জন্য সাক্ষাৎকারের নিমিত্ত নির্ধারিত তারিখে উপপরিচালকের কার্যালয়ে নির্বাচনী বোর্ডের সামনে মূল কাগজপত্রসহ হাজির হতে হবে। অন্যথায় ভর্তির জন্য মনোনীত করা যাবে না। ভর্তির ব্যাপারে বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- প্রশিক্ষার্থীদের লার্নার লাইসেন্স এবং পেশাদার ড্রাইভিং লাইসেন্স প্রাপ্তি ব্যয় প্রকল্প বহন করবে।
- ভর্তিকৃত প্রশিক্ষার্থীদের ক্লাসে উপস্থিতির ভিত্তিতে দৈনিক ১৫০(একশত পঞ্চাশ) টাকা ভাতা প্রদান করা হবে।
- বাজেট প্রাপ্তি সাপেক্ষে প্রশিক্ষণ শুরু হবে।
- ভর্তির ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০২/১০/২০২৩
(মো: মতিয়ার রহমান)
উপপরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর
জয়পুরহাট

স্মারক নং- ৩৪.০১.৩৮০০.০০১.০৯.১৮৮.১৯-৬৬

তারিখ: ০২/১০/২০২৩খ্রি:

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

- মহাপরিচালক (গ্রেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- প্রকল্প পরিচালক (যানবাহন চালনা বিষয়ক প্রশিক্ষণ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- জেলা প্রশাসক, জয়পুরহাট।
- চেয়ারম্যান, জেলা পরিষদ, জয়পুরহাট।
- চেয়ারম্যান উপজেলা পরিষদ (সকল). জয়পুরহাট।
- মেয়র, পৌরসভা (সকল). জয়পুরহাট।
- উপজেলা নির্বাহী অফিসার, জয়পুরহাট সদর/কালাই/ক্ষেতলাল/আক্কেলপুর/পাঁচবিবি, জয়পুরহাট।
- কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, জয়পুরহাট।
- বিআরটিএ, জয়পুরহাট।
- উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট সদর/কালাই/ক্ষেতলাল/আক্কেলপুর/পাঁচবিবি, জয়পুরহাট।
- অফিস কপি।

০২/১০/২০২৩
(এ.কে.এম রওশন আলম)
সহকারী পরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর
জয়পুরহাট